[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কোটচাঁদপুর মডেল থানার উপপরিদর্শক আব্দুল মান্নান জানান, গেল ১৭ এপ্রিল দুধসরা গ্রামের জিনারুল ইসলাম কোটচাঁদপুর থানায় রবিউল ইসলামের নামে প্রতারনার মামলা করেন। যার নাম্বার ৯। তারিখ ১৭-৪ ২২।

ওই মামলায় রবিউল ইসলামকে আটক করে জেলে পাঠানো হয়েছে। সে কোটচাঁদপুর উপজেলার ফুলবাড়ি গ্রামের সাত্তার তরফদারের ছেলে।

সে কোটচাঁদপুর সহ বিভিন্ন এলাকার মানুষের কাছ থেকে প্রতারনা করে টাকা প্রায় ৮০ লাখ টাকা হাতিয়ে নিয়েছে। আর এ সব টাকা নিয়েছেন কারো সেনাবাহিনীতে, কারো পুলিশে চাকুরি পাইয়ে দেবার কথা বলে।

এদিকে তাঁর স্বীকারোক্তি মোতাবেক ভুয়া ম্যাজিস্ট্রেট ও সাংবাদিক পরিচয় দানকারী জহুরুল ইসলামকে আটক করেছেন কোটচাঁদপুর মডেল থানা পুলিশ।

তাকে রবিবার রাতে আলুকদিয়া গ্রামের নিজ বাসা থেকে আটক করা হয়। সে ওই গ্রামের শহিদুল ইসলামের ছেলে। তাঁর নামে ভুয়া ম্যাজিস্ট্রেট সেজে প্রতারনা করে টাকা হাতানোর মামলা রয়েছে। সোমবার সকালে তাকে কোটচাঁদপুর থানা পুলিশ আদালতে পাঠিয়েছেন।

দামুড়হুদা কৃষক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা কৃষক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বেলা ৪টার সময় দামুড়হুদা উপজেলা কৃষক লীগের আয়োজনে উপজেলা অডিটোরিয়াম হলরুমে আয়োজিত বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষক লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা এ্যাড শরীফ আশরাফ আলী।

প্রধান বক্তা হিসেবে উপস্থিতি ছিলেন জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান কবীর, আলোচনা সভার প্রধান উদ্বোধক হিসেবে উপস্থিতি ছিলেন বাংলাদেশ কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক

নাজমুল ইসলাম পানু।

সভায় দামুড়হুদা উপজেলা কৃষক লীগের সভাপতি রফিকুল ইসলাম এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সাইদুর রহমান সন্টু মাস্টার পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, বাংলাদেশ কৃষক লীগের সহপ্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক নুরুল ইসলাম, ঢাকা মহানগর কৃষক লীগের সহ সভাপতি ইব্রাহিম মোল্লা, সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হজরত আলী, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সফিউল কবির ইউছুফ, আওয়ামী লীগের অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, উপজেলা কৃষকলীগের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন প্রমুখ।

সভায় বক্তাগণ বলেন, কৃষি ও কৃষক ছাড়া দেশ জাতির উন্নয়ন সম্ভব না। এই কারণে কৃষক লীগ আওয়ামী লীগের একটি গুরুত্বপূর্ন সংগঠন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সংগঠনকে বিশেষ গুরুত্ব দিয়েছেন।

এসময় বক্তাগণ বলেন এবং উপজেলার সকল ইউনিটকে একটি শক্তিশালী সাংগঠনিক সংগঠন হিসেবে প্রতিষ্ঠা করতে কৃষক লীগের নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানানো হয়।

গাংনীতে হাঙ্গার প্রজেক্টের কো-অর্ডিনেটর খোরশেদ আলমের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

দি হাঙ্গার প্রজেক্ট যশোর অঞ্চলের কো-অর্ডিনেটর খোরশেদ আলমের বিরুদ্ধে বিনা কারনে ৪ জন ইউসিকে চাকরিচ্যুত করার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন চাকরিচ্যুতি হওয়া ভুক্তভোগী ইউসিগন।

কো-অর্ডিনেটর খোরশেদ আলম স্টাফদের সাথে অসদাচরণ ও অসম্মান করে থাকেন। একটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান মনে করা হলেও এর সাথে জড়িত কয়েকজন ব্যাক্তি আঙ্গুল ফুলে কলাগাছ হয়ে গেছে। মানবতা তার কাছে তুচ্ছ।

তিনি আরও জানান, দি হাঙ্গার প্রজেক্টের শুরু থেকেই আমি বিনা পারিশ্রমিকে প্রজেক্টের নানা কর্মসূচি পালনে আন্তরিকভাবে কাজ করে আসছি। আমার সহকর্মী আরও ২ জন বামন্দী ইউপির সমন্বয়কারী আহসান হাবিব ও সাহারবাটি ইউপির সমন্বয়কারী আজিবার রহমান স্বেচ্ছায় পদত্যাগ করেছেন বলে জানান তিনি। সংবাদ সম্মেলনের মাধ্যমে এর সুষ্ঠ বিচার ও প্রতিকার দাবী করেন গোলাম আম্বিয়া সহ ভুক্তভোগীরা।

মেহেরপুরে ইন্ডিয়ান স্পাইসি এক্সপ্রেসো’র উদ্বোধন

মেহেরপুরে শহরের কাঁশারী বাজার এলাকায় আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হলো স্বাস্থ্যসম্মত খাবারের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান ইন্ডিয়ান স্পাইসি এক্সপ্রেসো। এটি মূলত একটি ইন্ডিয়ান এবং বাংলা খাবারের কম্বিনেশন।

সোমবার সন্ধ্যায় ইন্ডিয়ান স্পাইসি এক্সপ্রেসো চত্বরে দোয়া অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রতিষ্ঠানটির উদ্বোধন ঘোষণা করা হয়।

ইন্ডিয়ান স্পাইসি এক্সপ্রেসো এর স্বত্বাধিকার মোঃ আলী হোসেন উপস্থিত থেকে উদ্বোধন করেন।

উদ্বোধনকালে বক্তব্য রাখেন, মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, হোটেল বাজার ব্যবসায়ী সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব নিশান সাবের প্রমুখ। এছাড়াও এ সময় বাজার সমিতির গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এসময় ইন্ডিয়ান স্পাইসি এক্সপ্রেসো এর স্বত্বাধিকার মোঃ আলী

হোসেন জানান, রেস্টুরেন্টির বিশেষ আকর্ষণ হচ্ছে মুখরোচক ইন্ডিয়ান স্পাইসি খাবার। যা মেহেরপুরে এটাই প্রথম। আমাদের খাবার গুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো, রাজকাচুরি, দোসা, চিকেন চাপ, বিফ চাপ, আফগানি নানসহ নানা ধরনের খাবার। পরে সেখানে প্রতিষ্ঠানটির সাফল্য কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

কুষ্টিয়া জেনারেল হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা ও আইসিইউ’র উদ্বোধন

কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে, হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে হাসপাতালের সম্মেলন কক্ষে অনু্ষ্◌িঠত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ আসনের মাননীয় সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ এমপি।

এসময় তিনি হাসপাতালে আগত রোগীদের ভোগান্তি দুর করতে এবং ঠিক চিকিৎসা সেবা দিতে চিকিৎসকদের প্রতি নির্দেশনা দেন।

সভায় কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক হাজী রবিউল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক এমএ মোমিন, আবাসিক মেডিক্যাল অফিসার (আরএমও) ডাঃ আশরাফুল ইসলাম, কুষ্টিয়া জেনারেল হাসপাতালের কার্ডিয়াক বিভাগের চিকিৎসক ডা: নাসিমুল বারী বাপ্পী. মেডিসিন বিভাগের জ্যেষ্ঠ মেডিসিন বিশেষজ্ঞ ডা: এএসএম মুসা কবীরসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

এরআগে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ইনসেনটিভ কেয়ার ইউনিট (আইসিইউ) এর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন এমপি হানিফ।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের কার্ডিয়াক বিভাগের চিকিৎসক ডা: নাসিমুল বারী বাপ্পী বলেন, এমপি মাহবুব-উল-আলম হানিফের আন্তরিক

প্রচেষ্টায় হাসপাতালে বহুল প্রত্যাশিত ইনসেনটিভ কেয়ার ইউনিট (আইসিইউ) ইউনিট চালু হলো। এ ইউনিটটি চালুর ফলে হার্টের রোগীদের চিকিৎসায় অরেক উপকারে আসবে।

কুষ্টিয়ার দৌলতপুরে ডালডা ও পাম অয়েল মিশিয়ে ঘি উৎপাদন: জরিমানা

ঘিয়ের ন্যূনতম উপাদান নেই, অথচ নাম তার ‘খাঁটি গাওয়া ঘি’। পাম অয়েল, ডালডা ও ক্ষতিকারক রং একত্রে চুলায় জাল দিয়ে, তার সঙ্গে ফ্লেভার মিশিয়ে তৈরি করা হচ্ছে এই ঘি।

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার আল্লারদর্গা বাজারের চামনাই এলাকায় ‘মেসার্স গ্রাম বাংলা ঘি’ নামে অনুমোদনহীন একটি কারখানায় তৈরি হচ্ছে এসব ঘি। অনলাইন এবং বিভিন্নভাবে আশপাশের বিভিন্ন উপজেলায় বাজারজাত করছে দীর্ঘদিন ধরে। গোপন সংবাদের ভিত্তিতে সোমবার দুপুরে ওই ভেজাল ঘি তৈরির কারখানায় অভিযান চালায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর কুষ্টিয়া জেলা কার্যালয়ের কর্মকর্তারা।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন।

এই অভিযানে নেতৃত্ব দেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল। অভিযানে ভেজাল ঘি, তৈরির মালামাল, সরঞ্জাম ও মেশিন জব্দ করা হয়। সিলগালা করে দেয়া হয় কারখানাটি। এছাড়া ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে কারখানার মালিক মোঃ লোকমান হোসেনকে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল বলেন, এসব ভেজাল ঘি তৈরিতে যেসব মালামাল ব্যবহার হচ্ছিল, এগুলো মানব দেহের জন্য অত্যন্ত ক্ষতিকর।

জব্দকৃত ভেজাল ঘি ও মালামাল ধ্বংস করা হয়। তিনি জানান, যারা খাদ্যে ভেজাল দিচ্ছে তারা দেশ ও জাতির শত্রু, তাদেরকে কোনো রকম ছাড় দেব না আমরা। এ রকম ভেজালবিরোধী অভিযান নিয়মিত চলবে বলেও জানান তিনি।

ঝিনাইদহে ৭০ জন সংগ্রামী মাকে সম্মাননা প্রদান

‘পরম পরশে আবেগে আদরে পৃথিবী আমার-মা’ এ শ্লোগানকে সামনে রেখে আন্তজার্তিক মা দিবস উপলক্ষে ঝিনাইদহে ৭০ জন সংগ্রামী মা’কে সম্মননা প্রদান করা হয়েছে।

গত রোববার বিকেলে শহরের দেবদারু এভিনিউতে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর পৃষ্টপোষকতায় এ অনুষ্ঠানের আয়োজন করে জয়বাংলা ইয়ুথ এ্যাওয়ার্ড প্রাপ্ত সংগঠন কথন সাংস্কৃতিক সংসদ (কসাস)।

অনুষ্ঠানে সদরসহ বিভিন্ন এলাকার ছাত্রাবাস, বাসাবাড়িতে কাজ করা ৭০ জন মা’কে সম্মননা প্রদান করা হয়। আয়োজকরা জানায়, ৭০ জন এই সংগ্রামী মা ম্যাস বা বাসাবাড়িতে কাজ করে তাদের সন্তানদের বিশ^বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষায় শিক্ষিত করেছেন। এ জন্যই তাদের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, কেসি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর বিএম রেজাউল করিম, বর্তমান অধ্যক্ষ প্রফেসর অশোক কুমার মৌলিক, বিসিকের উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, কসাসের সভাপতি অন্তর মাহমুদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

চাকরির দাবিতে দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থী আমরণ অনশন

চাকরির দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্টবিজ্ঞান বিভাগের মাস্টার্সের এক দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থী আমরণ অনশন শুরু করেছেন। সোমবার সকাল সাড়ে ৯টা থেকে ঝিনাইদহ জেলা শহরের কেন্দ্রীয় শহীদ মিনারে তিনি এই অনশন শুরু করেন।

সরকার একটি চাকরির নিশ্চয়তা না দেওয়া পর্যন্ত তিনি এক ফোঁটা পানি পান করবেন না বলে জানিয়ে দিয়েছেন।
কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বরে একটা হ্যান্ড মাইকে তিনি তার আবেদন তুলে ধরেছেন। তিনি দাবি করেন, সরকারের বিভিন্ন দপ্তরে চাকরির আবেদন করছেন কিন্তু প্রতিবন্ধী হওয়ার কারণে কোন চাকরি পাচ্ছেন না।

দৃষ্টিপ্রতিবন্ধী মেধাবী শিক্ষার্থী শাহীন আলম বলেন, চাকরি যদি নাই হবে তাহলে কেন সরকার লেখাপড়ার সুযোগ দিল।
তিনি সমাজসেবা অধিদপ্তরের কারিগরি প্রশিক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেলিফোন অপারেটর, বাংলাদেশ টেলিভিশনের টেলিফোন অপারেটর পদসহ কয়েক জায়গায় চাকরির পরীক্ষা দিয়েছেন।

শাহীন বলেন, আমি সমাজসেবা অধিদপ্তরের কারিগরি প্রশিক্ষকের পরীক্ষায় রিটেনে পাস করেছিলাম। এরপর বাদ পড়ে যাই। বাকিগুলোতে শ্রুতিলেখকের নানা সমস্যার কারণে ঠিকমতো পরীক্ষা দিতে পারিনি।

শাহিন আলম ঝিনাইদহের মহেশপুর উপজেলার আলমপুর গ্রামের কৃষক আবদুল কাদের ও মোছা. ফারা বেগমের দ্বিতীয় সন্তান। করোনাকালীন দেশ বিদেশের ১১৩ জন শিক্ষার্থীকে অনলাইনে কম্পিউটার প্রশিক্ষণ দিয়ে সাড়া ফেলেন তিনি। অনলাইন মাধ্যমে এ প্রশিক্ষণ দিতে কারো কাছ থেকে কানাকড়িও নেননি তিনি।

নিজে একজন দৃষ্টি প্রতিবন্ধী; প্রশিক্ষণও দেন দেশ-বিদেশের দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের। সে সময় দেশের গুরুত্বপূর্ণ গণমাধ্যমগুলো প্রতিবেদন প্রচার করলে আলোচনায় উঠে আসেন তিনি।

শাহিন জন্ম থেকে দৃষ্টিহীন ছিলেন না। আলমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়ার সময় তার জ্বর হয়। ডাক্তার কবিরাজ দেখিয়ে জ্বর সেরে গেল। কিন্তু ধীরে ধীরে চোখের দৃষ্টি সম্পূর্ণ হারিয়ে গেল তার। তবুও থেমে থাকেনি পড়ালেখা।

অন্য ১০ জনের মতো পড়া লেখা করার জন্য মরিয়া হয়ে উঠে সে। ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হলেন স্থানীয় হাই স্কুলে। সমাজ সেবা অধিদপ্তরের সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম পরিচালিত নড়াইল তুলারামপুর মাধ্যমিক বিদ্যালয়ে ৮ম শ্রেণীতে ভর্তি হন শাহিন। ২০১৩ সালে এসএসসি এবং ২০১৫ সালে ঝিনাইদহের মহেশপুর সামছুল হুদা খান মহাবিদ্যালয় থেকে এইচএসসি পাশ করেন।

শাহিন আলমের স্বপ্ন বিশ্ববিদ্যালয়ে পড়বেন। কিন্তু টাকার বড় অভাব। বন্ধুদের কাছ থেকে নোট সংগ্রহ করে অন্যকে দিয়ে পড়িয়ে অডিও রেকর্ড করে নেন। ওই রেকর্ড শুনে শুনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় মেধাতালিকায় স্থান করে নেন। ধার-দেনা করে ভর্তি হন রাষ্ট্রবিজ্ঞান বিভাগে। ব্রেইল পদ্ধতি ব্যবহার করে পড়ালেখা শুরু করেন তিনি। নিজস্ব কোনো কম্পিউটার ছিল না তার। অদম্য মেধাবী শাহিন বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিপ্রতিবন্ধী রিসোর্স সেন্টারের কম্পিউটারে খণ্ডকালীন প্রশিক্ষণ শেষ করেন।

এরপর কম্পিউটার ব্যবহার করতে শুরু করেন। ধীরে ধীরে অনন্য এক দক্ষ কম্পিউটার ব্যবহারকারী হয়ে উঠেন তিনি। টিউশন ও বৃত্তির টাকায় বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা চলতে থাকে তার। ২০১৯ সালে রাষ্ট্রবিজ্ঞান বিভাগ থেকে স্নাতক শেষ করেছেন। মাস্টার্স শেষ করার অপেক্ষায় আছেন।

মহামারি করোনায় রাজধানী থেকে নিজ বাড়ি চলে আসেন। বাড়িতে বসে থেকে লাভ কী? কিছু একটা করতেই হবে তাকে। ২০২০ সালের জুলাই মাসে সামাজিক যোগাযোগমাধ্যমে বিনাপয়সায় দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের ঘোষণা দেন। করোনাকালীন দৃষ্টিহীন শিক্ষার্থীদের জন্য কিছু করার চিন্তা থেকে এ উদ্যোগ নেন শাহিন।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি তোতা, সম্পাদক আযাদ

রফিকুল ইসলাম তোতাকে সভাপতি ও আবুল কালাম আযাদকে সাধারণ সম্পাদক করে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের নতুন কমিটি নির্বাচন করা হয়েছে।

সোমবার বিকালে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শেষে তাদের নাম ঘোষনা করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

এর মুজিবনগর কমপ্লেক্স মিলনায়তনে প্রথম অধিবেশনে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধন করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের যুগ্মসাধারণ সম্পাদক নাসির উদ্দিন বাবলুর সঞ্চালনায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক, নির্বাহী সদস্য পারভিন জামান কল্পনা।

বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা প্রফেসর আব্দুল মান্নান, সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবেদিন, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম, জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক অ্যাড. মিয়াজান আলী, কেন্দ্রীয় প্রচার ওপ্রকাশনা উপ কমিটির সদস্য এম এ এস ইমন, সাংস্কৃতিক উপকমিটির সদস্য আসলাম শিহির, জেলা আওয়ামী লীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, সদস্য আব্দুস সালাম, জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতা প্রমুখ।

সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে সাবজেক্ট কমিটির ভোটের মাধ্যমে রফিকুল ইসলাম তোতাকে সভাপতি ও আবুল কালাম আজাদকে সাধারণ সম্পাদক করে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের কমিটি ঘোষণা করা হয়।